

নম্বর: ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৬.২০১৬- ৪৭

তারিখ: ৩০ পৌষ ১৪৩২  
২৪ জানুয়ারি ২০২৬

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ সাইফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট এর বিরুদ্ধে নীলফামারী জেলার ডিমলা উপজেলার উপজেলা প্রকৌশলী হিসেবে দায়িত্ব পালনকালে ডিমলা উপজেলার রামডাঙ্গা সরকারি প্রাথমিক বিদ্যালয় নির্মাণ কাজে অভিযোগের প্রেক্ষিতে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ), ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী 'অদক্ষতা' 'অসদাচরণ' এবং 'দুর্নীতি' এর দায়ে বিভাগীয় মামলা নং-০৬/২০১৬ রুজু করা হয়। বিভাগীয় মামলার সকল আনুষ্ঠানিকতা সম্পন্ন করে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর ৪(৩) (এ) বিধি মোতাবেক বিগত ২৮-০১-২০১৮ তারিখের ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৬.২০১৬-৯০ সংখ্যক প্রজ্ঞাপনমূলে তাঁকে নিম্ন পদে অবনমিতকরণের (উপজেলা প্রকৌশলী পদ হতে সহকারী প্রকৌশলী পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ৯ম গ্রেড) দণ্ড আরোপ করা হয়;

যেহেতু, তিনি স্থানীয় সরকার বিভাগের উক্ত আদেশের বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকায় এ,টি মামলা নং- ২২৯/২০১৮ দায়ের করেন এবং উক্ত মামলায় মাননীয় আদালত বিগত ১৭-১১-২০২০ তারিখের প্রদত্ত রায়ে তাঁকে উপজেলা প্রকৌশলী পদে পুনর্বহালের পাশাপাশি বকেয়া বেতন-ভাতাসহ যাবতীয় আর্থিক সুবিধা প্রদানের নির্দেশনা প্রদান করে। বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ এর উক্ত রায়ে বিরুদ্ধে সরকার পক্ষে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালে এ,এ,টি আপিল নং-১২৩/২০২১ দায়ের করা হয়। বিজ্ঞ প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকার এ,টি মামলা নং-২২৯/২০১৮ এর রায় ও আদেশ বহাল রাখে। পরবর্তীতে প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের আদেশের বিরুদ্ধে সরকার পক্ষ হতে মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২৮৯৪/২৪ দায়ের করা হয়। উক্ত মামলায় প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের এ,এ,টি মামলা নং-১২৩/২০২১ এর ১৪-০৫-২০২৪ তারিখের রায় ও আদেশ বহাল রাখে;

যেহেতু, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকার এ,টি মামলা নং-২২৯/২০১৮ এর উপর বিগত ১৭-১১-২০২০ তারিখের প্রদত্ত রায়, প্রশাসনিক আপিল ট্রাইব্যুনালের এ,এ,টি আপিল নং-১২৩/২০২১ এর ১৪-০৫-২০২৪ তারিখের প্রদত্ত আদেশ এবং মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগে দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপিল নং-২৮৯৪/২৪ এর ০৯-১২-২০২৪ তারিখের আদেশের পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার বিভাগের করণীয় সম্পর্কে মতামত প্রদানের জন্য আইন ও বিচার বিভাগকে অনুরোধ জানানো হয়। সে প্রেক্ষিতে জনাব মোঃ সাইফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট-কে উপজেলা প্রকৌশলী পদে পুনর্বহালের পাশাপাশি বকেয়া বেতন-ভাতাসহ যাবতীয় আর্থিক সুবিধা প্রদানের ক্ষেত্রে আইনগত কোন প্রতিবন্ধকতা নেই মর্মে আইন ও বিচার বিভাগ হতে মতামত প্রদান করা হয়েছে;

সেহেতু প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকার এ,টি মামলা নং-২২৯/২০১৮ এর উপর বিগত ১৭-১১-২০২০ তারিখের প্রদত্ত রায় অনুযায়ী জনাব মোঃ সাইফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট (বর্তমান কর্মস্থল: উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ, মৌলভীবাজার)-কে বিভাগীয় মামলা নং-০৬/২০১৬ এর দণ্ডাদেশ প্রত্যাহারপূর্বক বিধি মোতাবেক বকেয়া বেতন-ভাতাসহ যাবতীয় আর্থিক সুবিধা প্রদান করা হলো।


R.M  
২৪/০১/২০২৬  
মোঃ রেজাউল মাকছুদ জাহেদী  
সচিব

স্মারক নম্বর: ৪৬.০৬৭.০০৩.০০.০০.০০৬.২০১৬-৪৭ (১/৯)

তারিখ: পৌষ ১৪৩২  
জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
২. অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. উপ নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশের অনুরোধসহ);
৫. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা: সিলেট/মৌলভীবাজার;
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. জনাব মোঃ সাইফুল আজম, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, সিলেট সদর, সিলেট (বর্তমান কর্মস্থল: উপজেলা প্রকৌশলী, কমলগঞ্জ, মৌলভীবাজার);
৯. অফিস কপি।

  
আশফিকুন নাহার  
উপসচিব

ফোন- ০২২২৩৩৫৪০১৪

ইমেইল: lgdev1@lgd.gov.bd